



পশ্চিমবঙ্গ সরকার

জেলা শাসকের করণ, নদীয়া  
কৃষ্ণনগর, নদীয়া

স্মারক নং : 133(450)

তারিখ : 06/06/2014

প্রেরক : জেলা শাসক, নদীয়া

প্রাপক : অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

..... কলেজ/বিদ্যালয়

মহাশয়,

আপনারা নিশ্চয় কন্যাশ্রী প্রকল্প সম্বন্ধে অবগত আছেন। এই প্রকল্পে আমরা এখন পর্যন্ত বার্ষিক বৃত্তি (K1) প্রকল্পে ১০৯৫৯৭ জনকে এবং এককালীন বৃত্তি প্রকল্পে (K2) ৭৯৮২ জনকে নথিভুক্ত করতে পেরেছি। কিন্তু তা সত্ত্বেও নদীয়া জেলার বেশ কিছু মেয়ে এই প্রকল্পের আওতার বাইরে থেকে গেছে।

এই বিষয়ে ০৬/০৬/২০১৪ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয় এবং সেই সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি নেওয়া হয়েছেঃ-

- ১) সমস্ত মেয়েদের, যারা এখনও এই প্রকল্পের আওতায় বাইরে থেকে গেছে, তাদেরকে আগামী ১৫/০৬/২০১৪ তারিখের মধ্যে নথিভুক্ত করে ফেলতে হবে। (Form fill up and uploading in the portal). ১৫/০৬/২০১৪ তারিখ পর্যন্ত সমস্ত যোগ্য মেয়েদের নথিভুক্ত করতে হবে।
- ২) সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের কন্যাশ্রী উপভোক্তাদের আয় সংক্রান্ত শংসাপত্র দেবার ক্ষমতা প্রদান করা হলো। উপভোক্তাদের বাবা/মা-এর দেওয়া ঘোষণাপত্র পেলেই শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা এই শংসাপত্র দিতে পারবেন। উপভোক্তাদের প্রধান/কাউন্সিলার/কমিশনার বা অন্য কারোর থেকে আয়ের শংসাপত্র আনতে বলা যাবে না।
- ৩) বিদ্যালয়ের নথিতে উপভোক্তাদের এবং উপভোক্তার বাবা/মায়ের যে নাম আছে সেটি-ই সঠিক বলে গন্য করা হবে।
- ৪) যখনই কোন মেয়ের বয়স ১৩ বৎসর হবে, সে তখনই বার্ষিক বৃত্তির জন্য যোগ্য হবে। একই রকম ভাবে কোন মেয়ের বয়স ১৮ বৎসর হলেই (১৯ বৎসর বয়স পর্যন্ত) সে এককালীন বৃত্তির জন্য যোগ্য হবে।
- ৫) আগামী ১৬/০৬/২০১৪ তারিখ, নদীয়া জেলায় “কন্যাশ্রী পরিদর্শন দিবস” পালন করা হবে। ঐ দিন সমস্ত স্তরের আধিকারিক এবং সমস্ত স্তরের নির্বাচিত জনপ্রতিনিধিরা জেলার সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করবেন।
- ৬) সমষ্টি উন্নয়ন আধিকারিক এবং জেলা বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক)/(প্রাথমিক) এর তত্ত্বাবধানে যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিক ও অবর বিদ্যালয় পরিদর্শকদের যৌথভাবে উক্ত পরিকল্পনাটি সফল করার দায়িত্ব দেওয়া হলো।
- ৭) সকল মহকুমা শাসক এবং সমষ্টি উন্নয়ন আধিকারিকরা তাদের অফিসের বিভিন্ন আধিকারিকদের মধ্যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান গুলি ভাগ করে দেবেন। তাঁরা এবং এই আধিকারিকরা সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলি পরিদর্শন করবেন এবং ১৭/০৬/২০১৪ তারিখে দুপুর ১২ টার মধ্যে একটি প্রতিবেদন জমা দেবেন।

আশাকরি আপনাদের সক্রিয় সহযোগিতায়, আমরা ১৫/০৬/২০১৪ তারিখের মধ্যে নদীয়া জেলার সমস্ত যোগ্য মেয়েদের কন্যাশ্রী প্রকল্পের আওতায় নিয়ে আসতে পারবো।

ধন্যবাদান্তে

জেলা শাসক, নদীয়া

তারিখ : 06/06/2014

স্মারক নং : 133(450)/1(23)

জ্ঞাতার্থে এবং যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :-

- ১-৪) মহকুমা শাসক, সদর/রানাঘাট/তেহট্ট/কল্যাণী,
- ৫-৬) জেলা বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক)/(প্রাথমিক)
- ৭-২৩) সমষ্টি উন্নয়ন আধিকারিক (সকল)

জেলা শাসক, নদীয়া